

## (Overview of the Performance of the Upazila Secondary Education Office, Khoksa, Kushtia)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সরকারি সিদ্ধান্তমোতাবেক সৃজনশীল প্রশ্নপদ্ধতির মাধ্যমে পরীক্ষা গ্রহণ, মাল্টিমিডিয়া ক্লাশরুম বাস্তবায়ন সংক্রান্ত সার্বিক ব্যবস্থা গ্রহণ করা হয়। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম বাস্তবায়নের জন্য সার্বিক পদক্ষেপ গ্রহণ করা হয়। বিভিন্ন প্রকল্প কতৃক প্রদত্ত প্রশিক্ষণ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা অনুসরণ পূর্বক কার্যক্রম পরিচালনা সম্পন্ন করা হয়। মাধ্যমিক পর্যায়ে প্রায় ১৮,০০০(আঠার হাজার) জন শিক্ষার্থীদের মধ্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। খোকসা উপজেলাতে নতুন ০১টি মাধ্যমিক বিদ্যালয় ও ০১টি কলেজ সরকারি করণের কার্যক্রম চলমান রয়েছে। মনিটরিং ও মূল্যায়ন ব্যবস্থাপনার আধুনিকায়ন এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। এমপিও বিকেন্দ্রীকরণ ও অনলাইন পদ্ধতি চালুকরণ। শিক্ষা ব্যবস্থাপনায় ডিজিটালাইজেশন প্রসার।

#### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্পন্ন শিক্ষা প্রদানের লক্ষ্যে মানসম্পন্ন শিক্ষক, শিক্ষা সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। সকল শিক্ষককে প্রশিক্ষণের মাধ্যমে যোগ্যতা বৃদ্ধির পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানে শতকরা ১০০ ভাগ শিক্ষার্থী ভর্তি নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীর ঝড়ে পড়া হ্রাসসহ শিক্ষার্থী-শিক্ষকের অনুপাত হ্রাস করা প্রয়োজন। মানসম্পন্ন শিক্ষা প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি ল্যাবগুলো সচল রাখা, সর্বোচ্চ ব্যবহার এবং হাতে কলমে বিজ্ঞান শিক্ষার মাধ্যমে শ্রেণিতে বিজ্ঞান শিক্ষার সুযোগ বৃদ্ধি করতে হবে। শিক্ষার্থীদের মেধা ও মননের বিকাশে বিভিন্ন সৃজনশীল প্রতিযোগিতা আয়োজনের পাশাপাশি লাইব্রেরী প্রতিষ্ঠা এবং তার পূর্ণ ব্যবহার নিশ্চিত করতে হবে।

#### ভবিষ্যৎ পরিকল্পনা:

শিক্ষামন্ত্রণালয় ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে গৃহীত সকল কর্মসূচি বাস্তবায়নের সাথে সাথে ক্রমবর্ধমান মানসম্পন্ন শিক্ষা চাহিদা পূরণের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ক্ষমতা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর বিকেন্দ্রীকরণের ফলে প্রতিষ্ঠানের সকল সেবাসমূহকে মানুষের দোরগোড়ায় পৌঁছে দেয়া হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে (প্রয়োজনে ক্লাস্টার ভিত্তিক) সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন, জাতীয় শিক্ষাক্রম বিস্তরণ-২০২২ বাস্তবায়ণ, ডিজিটাল কনটেন্ট তৈরী করণ, IMS, ISAS বিষয়ক In-House প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের জনবলকে শক্তিশালী করার উদ্যোগ গ্রহণ করতে হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানকে কমপক্ষে তিনমাসে একবার পরিদর্শনের আওতায় নেয়া হবে।

**“এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি” কার্যক্রম :** মুক্তিযুদ্ধে সরাসরি অংশগ্রহণকারীগণের অনেকে শহীদ হয়েছেন, অনেকে বার্ষিক্যজনিত কারণে মৃত্যুবরণ করেছেন যারা জীবিত আছেন তাদের অধিকাংশই বার্ধক্যে উপনীত হয়েছেন। মুক্তিযুদ্ধে সরাসরি অংশগ্রহণকারীগণের অভিজ্ঞতা তাদের মুখ থেকে শুনার এ সুযোগ আমরা এখনও গ্রহণ করতে পারি। তা না হলে অনাগত দিনে এই সুযোগ ক্রমেই সংকুচিত হয়ে আসবে। কোমলমতি শিশুরা গল্প শুনতে খুবই আগ্রহী। যে কারণে অনুষ্ঠানের নামকরণ করা হয়েছে “এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি” এই গল্পের আসরে কোন সুসজ্জিত মঞ্চ থাকবে না। মেঝেতে পাটি/বিছানা/ম্যাট পেতে, বেঞ্চে গ্রামীণ সাধারণ পরিবেশে গল্পের আসর বসিয়ে উপস্থিত শিক্ষার্থীদের মাঝে গল্প শুনানো হয়। মুক্তিযুদ্ধ ভিত্তিক নির্মিত চলচ্চিত্র নাটক, গান, কবিতা ভিডিও চিত্র গুলো প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া উপকরণ (প্রজেক্টর, কম্পিউটার ইত্যাদি) ব্যবহার করে উপস্থাপন করা হয়। স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠানের আয়োজনে অতিস্বল্পব্যয়ে অনুষ্ঠান করা সম্ভব। এই ইনোভেশন কার্যক্রমটি শিক্ষা মন্ত্রণালয় গৃহীত হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সারাদেশে মাধ্যমিক স্তরের সকল প্রতিষ্ঠানে উক্ত কার্যক্রম বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করেছে।

#### ২০১৮-১৯ অর্থবছরের প্রধান অর্জনসমূহ:

- ✓ শিক্ষার গুণগত মানোন্নয়নে খোকসা উপজেলায় ৩৮০জন শিক্ষককে শিক্ষক বাতায়নের সদস্য করণের কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- ✓ খোকসা উপজেলাতে নতুন ০১টি মাধ্যমিক বিদ্যালয় ও ০১টি কলেজ সরকারি করণের কার্যক্রম চলমান।
- ✓ শিক্ষা প্রশাসনের সক্ষমতা, স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধি ও কার্যকর মনিটরিং-এর কার্যক্রম অব্যাহত।
- ✓ শিক্ষার সর্বক্ষেত্রে মান ও সমতা নিশ্চিতকরণ
- ✓ জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২২ বাস্তবায়ণে ৪৮১ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান।
- ✓ খোকসা উপজেলায় ৩৬ টি প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুম বাস্তবায়ন।
- ✓ খোকসা উপজেলায় ৩২ টি প্রতিষ্ঠানে অনলাইন এমপিও কার্যক্রম বাস্তবায়ন চলমান।
- ✓ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন সক্রান্ত কাজে প্রায় ০৩ জন কর্মকর্তা নিয়োজিত।
- ✓ সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ব্যবস্থা করা।
- ✓ শিক্ষকদের বিষয় ভিত্তিক সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।
- ✓ প্রতিষ্ঠান ভিত্তিক মুক্তিযুদ্ধের গল্প শুনানো কার্যক্রম।
- ✓ সমবায়ভিত্তিক কম্পিউটার (ল্যাপটপ) স্ব অর্থায়ণে ক্রয় কার্যক্রম পরিচালনা।